

ই-পেপার (<http://www.enayadiganta.com>) | English (<http://www.ennayadiganta.com>) |
আর্কাইভ (<https://www.dailynayadiganta.com/archive>) | অন্য দিগন্ত (<http://www.onnoekdiganta.com>)

f (<https://facebook.com/nayadiganta>) |
t (<https://twitter.com/DigantaNaya>) |
You Tube
(<https://www.youtube.com/channel/UCsS8Tv-eBsgZzC6bZcl9c6g>)



২৫ জুলাই ২০২৩, ১০ শ্রাবণ ১৪৩০, ০৬ মুহা়ররম ১৪৪৫


নয়া দিগন্ত

(<https://www.dailynayadiganta.com/>)


🏠 (<https://www.dailynayadiganta.com/>) > জাতীয় (<https://www.dailynayadiganta.com/national/1>)
> কূটনীতি (<https://www.dailynayadiganta.com/diplomacy/21>)

নেপালকে পায়রা বন্দর ব্যবহারের প্রস্তাব প্রধানমন্ত্রীর

নয়া দিগন্ত অনলাইন | 🕒 ২৫ জুলাই ২০২৩, ১০:৩৫



প্রধানমন্ত্রী শেখ হাসিনা নেপালের প্রধানমন্ত্রী পুষ্প কমল দহলের সাথে বৈঠকে নবনির্মিত পায়রা বন্দর ব্যবহারের প্রস্তাব দিয়েছেন।



জাতিসঙ্ঘ ফুড সিস্টেমস সামিটের এক ফাঁকে এফএও সদর দফতরে নবনির্মিত বাংলাদেশ-বঙ্গবন্ধু শেখ মুজিব কক্ষে দুই দেশের প্রধানমন্ত্রী সাক্ষাৎ করেন। সামিটটিতে যোগ দিতে দুই নেতাই রোমে অবস্থান করছেন।

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন সাংবাদিকদের বলেন, বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নেপালকে পায়রা বন্দর ব্যবহারের প্রস্তাব দেন।

প্রধানমন্ত্রীকে উদ্ধৃত করে মোমেন বলেন, ‘বাংলাদেশ ইতোমধ্যে নেপালের জন্য চালনা (মোংলা) ও চট্টগ্রাম বন্দর খুলে দিয়েছে। নেপাল নবনির্মিত পায়রা বন্দরও ব্যবহার করতে পারবে।’

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বাংলাদেশ এ অঞ্চলে যোগাযোগ বাড়াতে সৈয়দপুর বিমানবন্দরকে একটি আঞ্চলিক কেন্দ্র হিসেবে গড়ে তুলছে।

মোমেন বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সফল নেতৃত্বে বাংলাদেশের উন্নয়নের প্রশংসা করেন নেপালের প্রধানমন্ত্রী।

তাকে উদ্ধৃত করে মোমেন বলেন, ‘আপনি আমাদের অঞ্চলের নেতা।’

তিনি বলেন যে- নেপালে পানিবিদ্যুৎ উৎপাদনের বিশাল সুযোগ রয়েছে।

এ প্রসঙ্গে শেখ হাসিনা বলেন, ৪০ মেগাওয়াট বিদ্যুতের জন্য নেপাল থেকে ভারতের মাধ্যমে বাংলাদেশের সাথে প্রথম ত্রিপক্ষীয় বিদ্যুৎ বাণিজ্য শুরু হওয়ার পর বাংলাদেশ নবায়নযোগ্য জ্বালানি বিশেষ করে পানিবিদ্যুৎ আমদানির পদক্ষেপ নেবে।

দহল উল্লেখ করেন যে- বিপুল সংখ্যক নেপালি শিক্ষার্থী বাংলাদেশে পড়াশোনা করছে।

সূত্র : ইউএনবি

আরো সংবাদ

(<https://www.dailynayadiganta.com/diplomacy/764875/>) থেকে আরো জনশক্তি নিতে আগ্রহী ইতালি বাংলাদেশ-থেকে-আরো-জনশক্তি-নিতে-আগ্রহী-ইতালি) (<https://www.dailynayadiganta.com/diplomacy/764875/>)

(<https://www.dailynayadiganta.com/diplomacy/764866/>) বাংলাদেশে অবাধ ও সুষ্ঠু নির্বাচন হওয়া উচিত : যুক্তরাষ্ট্র বাংলাদেশে-অবাধ-ও-সুষ্ঠু-নির্বাচন-হওয়া-উচিত-যুক্তরাষ্ট্র) (<https://www.dailynayadiganta.com/diplomacy/764866/>)

(<https://www.dailynayadiganta.com/diplomacy/764857/>) এফএও-সদর-দফতরে-বাংলাদেশ-বঙ্গবন্ধু-শেখ-মুজিব-কক্ষ-উদ্বোধন) এফএও সদর দফতরে 'বাংলাদেশ-বঙ্গবন্ধু শেখ মুজিব কক্ষ' উদ্বোধন

(<https://www.dailynayadiganta.com/diplomacy/764851/>) বাংলাদেশকে উচ্চ আয়ের দেশে রূপান্তরে সহযোগিতা বাংলাদেশকে-উচ্চ-আয়ের-দেশে-রূপান্তরে-সহযোগিতা-করবে-জাপান-নিশিমুরা-ইয়াসুতোশি) করবে জাপান : নিশিমুরা ইয়াসুতোশি

(<https://www.dailynayadiganta.com/diplomacy/764851/>) যুক্তরাষ্ট্র বাংলাদেশ সম্পর্কের মূল চালিকাশক্তি অভিন্ন যুক্তরাষ্ট্র-বাংলাদেশ-সম্পর্কের-মূল-চালিকাশক্তি-অভিন্ন-নীতি-পিটার-হাস) নীতি : পিটার হাস